

3 (Sem-5) BEN M 1

2 0 1 7

BENGALI

(Major)

Paper : 5.1

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×৭=৭

- (ক) “হায়, জীবন এত ছোট কেনে? এ ভুবনে?”
গানটি বেঁধে নিতাই প্রথম কাকে শুনিয়েছিল?
- (খ) বসন্তের ‘কালো-মাণিক’ কে?
- (গ) স্টেশনে চায়ের স্টলের ভেড়ার কে?
- (ঘ) “চাঁদ তুমি আকাশে থাক আমি তোমায় দেখব খালি।”
নিতাইয়ের গানটিতে ‘চাঁদ’ বলতে কার কথা বলা
হয়েছে?
- (ঙ) রমেশ ঘোষালের হিন্দুস্থানি চাকরটির নাম কী?
- (চ) ঘোষালবাড়ির গিম্মিমা কে?
- (ছ) “ইহার পূর্বধারে সরকারী প্রকাণ্ড বাঁধ, পশ্চিম ও উত্তর
ধারে উচ্চগ্রাম, শুধু দক্ষিণধারের বাঁধটা ঘোষাল ও
মুখুযোদের।” ‘ইহার’ বলতে কোন্ জায়গার কথা বলা
হয়েছে?

8A/193

(Turn Over)

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) “তুই যা শুনেচিস সব মিথ্যে, যা জেনেচিস সব ভুল। কিন্তু এ অভিযোগের এইখানেই যেন সমাপ্তি হয়।” কে, কাকে একথা বলেছেন?
- (খ) “মায়ের প্রসাদ বলুন আর যাই বলুন, কোন কৈবর্তই আর বামুনবাড়িতে পাত পাতবে না।” কে, কাকে একথা বলেছেন?
- (গ) “রত্নাকর, ধর কবি হলেন, তারপর কি তোমার তিনি ডাকাতি করতেন, না মানুষ মারতেন?” বক্তা কে? কাকে তিনি একথা বলেছেন?
- (ঘ) “ভব কপি, মহাকপি দধানন সলাঙ্গুল।”
কে, কাকে এই শ্লোকটি বলে আশীর্বাদ করেছিলেন?

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৫×৩=১৫

- (ক) ‘কবি’ উপন্যাসে বেনেমামার চায়ের দোকানের গুরুত্ব কোথায় তা সংক্ষেপে লেখো।
- (খ) “মেয়েদের সেদিন সমস্তদিন উপবাস।” ‘কবি’ উপন্যাসের কাহিনি অবলম্বনে এই দিনটির একটি বিবরণ প্রস্তুত করো।
- (গ) নিতাই কেন গোসাঁইজির আশ্রয় ছেড়ে স্টেশনে এসে উঠেছিল তা লেখো।
- (ঘ) কাশীয়াত্রার আগে বিশ্বেশ্বরী ও রমেশের মধ্যে যে কথোপকথন হয়েছিল তার বর্ণনা দাও।

- (ঙ) “পৃথিবীতে কোন দুষ্কর্মই ত তোমার বাকী নেই—চুরি, জুয়াচুরি, জাল, ঘরে আগুন দেওয়া সবই হয়ে গেছে, এটাই বা বাকী থাকে কেন?” প্রসঙ্গ উল্লেখ করে বক্তার এই মন্তব্যের কারণ বর্ণনা করো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

১০×৩=৩০

- (ক) “কাহিনীতে শরৎচন্দ্র সামাজিক সংস্কার, জাতিভেদ সংস্কার, বৈধব্য সংস্কারের উর্ধ্বে উঠে প্রেমের বিচিত্র জটিল গতিকে ও মানবমনে তার প্রতিক্রিয়াকে অনুধাবন করতে বসে প্রেমরসের সার্থক পরিবেশন করেছেন।” মন্তব্যের আলোকে ‘পল্লীসমাজ’ উপন্যাসের রমা ও রমেশের সম্পর্কটি বিশ্লেষণ করো।

অথবা

“পল্লীসমাজের নীচতার একাধিক চিত্র আঁকা হইয়াছে ‘পল্লীসমাজ’ গ্রন্থে ...।” উপন্যাসের কাহিনি অবলম্বনে এই ধরনের নীচতার কয়েকটি ছবি অঙ্কন করো।

(খ)

“এই খেদ আমার মনে মনে

ভালবেসে মিটল না আশ—কুলাল না এ জীবনে।”

‘কবি’ উপন্যাসে এই গানটির তাৎপর্য কোথায় তা নিতাইয়ের জীবনকাহিনি বিশ্লেষণ করে বুঝিয়ে দাও।

অথবা

‘কবি’ উপন্যাসে ঠাকুরঝি চরিত্রটি পর্যালোচনা করো।

(4)

(গ) “বসন, ললিতা, নির্মলা, মাসী ও পুরুষশিল্পীরা মিলিয়া যে পরিবার গড়িয়াছে, যে যাযাবর জীবনযাত্রার অনুষ্ঠান করিয়াছে, তাহাতে ক্ষণিকতা ও নির্মম স্বার্থপরতার সহিত কতক পরিমাণে বন্ধনহীনতার আনন্দ ও স্নেহ-মায়া-সমবেদনা মিশ্রিত হইয়াছে।”

‘কবি’ উপন্যাস সম্পর্কে সমালোচকের এই উক্তির সার্থকতা প্রতিপন্ন করো।

অথবা

‘পল্লীসমাজ’ উপন্যাসের নামকরণ কীভাবে সার্থক হয়ে ওঠে তা বিশ্লেষণ করো।
